ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারের কার্যালয়
ঢাকা ক্যান্টনমেন্ট
ঢাকা
====

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ০৫-১১-১৮ইং তারিখের সভার কার্যবিবরণী।

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ড সভা ০৫-১১-১৮ইং তারিখ বেলা ১০-০০ ঘটিকায় ক্যান্টনমেন্ট বোর্ড অফিসে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন কর্ণেল মোহসিন আহমদ চৌধুরী, পিএসসি, প্রেসিডেন্ট ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা ক্যান্টনমেন্ট। সভায় সদস্যবৃন্দের উপস্থিতি ছিল নিম্নরূপ ঃ-

| | | | |
|---|---|---|---|
| ১। | ব্রিগেডিয়ার আহমেদ আলী<br>এস ই এম ও<br>ও<br>অধিনায়ক<br>সম্মিলিত সামরিক হাসপাতাল<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - অনুপস্থিত |
| ২। | ক্যাপ্টেন শহীদুজ্জামান খান(জি)(সিডি), পিএসসি<br>অধিনায়ক<br>বি এন এস হাজী মহসিন<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত |
| ৩। | গ্রুপ ক্যাপ্টেন মোঃ নওশাদুল হক<br>অধিনায়ক (প্রশাসনিক শাখা)<br>বিমান বাহিনী ঘাঁটি বাশার<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত |
| ৪। | লেঃ কর্ণেল হাসান রহান রাব্বী<br>সি এম ই এস (আর্মি)<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত |
| ৫। | জনাব মোঃ আজিজ খাঁন<br>১৪/এ, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - অনুপস্থিত |
| ৬। | লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ<br>৩৪৬, ডিওএইচএস জোয়ারসাহারা<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত |
| ৭। | জনাব মোঃ জহিরুল হক<br>সহকারী কমিশনার ও ম্যাজিষ্ট্রেট<br>জেলা প্রশাসকের দপ্তর, ঢাকা। | - সদস্য | - অনুপস্থিত |
| ৮। | জনাব শফিক আলম মেহেদী<br>ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার<br>ঢাকা ক্যান্টনমেন্ট। | - সেক্রেটারী | - উপস্থিত |

উপরোল্লিখিত বোর্ড সদস্যগণ ব্যতীত নিম্নোক্ত কর্মকর্তাগণ বোর্ড সভায় উপস্থিত ছিলেন ঃ-

(১) গ্রুপ ক্যাপ্টেন ফজলুর রহমান (অবঃ)
৩৫, বনানী ডিওএইচএস
ঢাকা সেনানিবাস, ঢাকা।

(২) লেঃ কর্ণেল নুরুল হক, পিএসসি(অবঃ)
৪৯৭, মহাখালী ডিওএইচএস
ঢাকা সেনানিবাস, ঢাকা।

(৩) মেজর মোঃ আবদুর রশিদ আকন্দ
এস এইচ ও
ঢাকা সেনানিবাস, ঢাকা।

উপস্থিত সদস্যবর্গকে স্বাগত জানাইয়া সভাপতি সভার কাজ আরম্ভ করেন। সভার আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

প্রস্তাব নং-১ঃ বিগত ০৮-১০-১৮ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার কার্যবিবরণী পর্যালোচনা ও অনুমোদন।

গৃহীত সিদ্ধান্তঃ বিগত ০৮-১০-১৮ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার কার্যবিবরণী পর্যালোচনান্তে অনুমোদন করা গেল।

২য় পৃঃদ্রঃ

প্রস্তাব নং-২ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সেপ্টেম্বর'৯৮ইং মাসের আয়-ব্যয় সম্পর্কীয় হিসাব বিবরণী অবহিত হওয়া ।

গৃহীত সিদ্ধান্তঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সেপ্টেম্বর'৯৮ইং মাসের আয়-ব্যয় সম্পর্কীয় হিসাব বিবরণী অবহিত হওয়া গেল ।

প্রস্তাব নং-৩ঃ সেপ্টেম্বর'৯৮ইং মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবহিত হওয়া ।

গৃহীত সিদ্ধান্তঃ সেপ্টেম্বর'৯৮ইং মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবহিত হওয়া গেল ।

প্রস্তাব নং-৪ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৮৪ (সাবেক বাণিজ্যিক-২৭) নং প্লট ও প্লটে নির্মিত ব্রডওয়ে বিল্ডিংটি সি এস ডি বাংলাদেশের নিকট হস্তান্তর প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ । এতদ্ব্যাপারে নিম্নের পত্রসমূহ উপস্থাপন করা হইল ঃ-

(ক) সেনাসদর, কিউ এম জি'র শাখা (সমন্বয়) এর ৩০-৮-৯৮ইং তারিখের ৩৯০৬/২/কিউ এম জি নং পত্র ।

(খ) সেনাসদর, কিউ এম জি'র শাখা, এম এন্ড কিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ১৪-১০-৯৮ইং তারিখের ৩৯১৭/২/ঢাকা-৮/এমকিউ-২ নং পত্র ।

(গ) সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৪-১০-৯৮ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/১৮৬-২/শা-৩/৪১ নং পত্র ।

গৃহীত সিদ্ধান্তঃ উপস্থাপিত পত্রসমূহের উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে উর্দ্ধতন সামরিক কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ১.০০ (এক) একর বিশিষ্ট ৮৪নং প্লট (সাবেক বাণিজ্যিক প্লট-২৭) ও উক্ত প্লটে নির্মিত ব্রডওয়ে বিল্ডিং সি এস ডি বাংলাদেশের নিকট যথানিয়মে হস্তান্তরের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল। এই ব্যাপারে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৪-১০-৯৮ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/১৮৬-২/শা-৩/৪১ নং পত্রের নির্দেশ মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হউক ।

প্রস্তাব নং-৫ঃ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৩-১০-৯৮ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/৪/১৯৯৮-৯৯/৪ নং পত্রের মাধ্যমে ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের জন্য ৪৮০০-৮১৬০ টাকা বেতনক্রমে একটি মেডিক্যাল অফিসার পদ সৃষ্টি করা হইয়াছে। উক্ত মেডিক্যাল অফিসার পদে শিশু ও স্ত্রীরোগে অভিজ্ঞতাসম্পন্ন ডাক্তার নিয়োগের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ প্রস্তাবিত বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালে মেডিক্যাল অফিসার পদে শিশু ও স্ত্রীরোগে অভিজ্ঞতাসম্পন্ন এম বি বি এস ডাক্তার নিয়োগের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল ।

প্রস্তাব নং-৬ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের বিকল্প দোকানসমূহের পরবর্তী ১০(দশ) বৎসরের বরাদ্দ ফি নির্ধারনের বিষয়টি পুনঃবিবেচনার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ০৯-৮-৯৮ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/১৩০-এ-৩/২৯ নং পত্র এবং প্রথম বরাদ্দপত্র হইতে আরম্ভ করিয়া সংশ্লিষ্ট সকল কাগজপত্র উপস্থাপন করা হইল ।

গৃহীত সিদ্ধান্তঃ সভায় বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের দোকানসমূহ পুনঃবরাদ্দ এবং প্রস্তাবিত চুক্তিপত্রের শর্তাবলী চূড়ান্তকরণের বিষয়টি পরবর্তী বোর্ড সভায় আলোচনার জন্য উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হইল ।

প্রস্তাব নং-৭ঃ ক্যান্টনমেন্ট আবাসিক এলাকাস্থ ৬৬ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি বেগম মুনিরা জাহুরা সিদ্দিকী এর নামে নামজারী করার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে বেগম জুলেখা সিদ্দিকী এর দানপত্র, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্র এবং আইন উপদেষ্টার মতামতসহ সংশ্লিষ্ট নথিটি উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ প্রস্তাব অনুমোদিত ।

৩য় পৃঃ দ্রঃ

প্রস্তাব নং-৮ঃ ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের অপারেশন থিয়েটারের জন্য অত্যাধুনিক যন্ত্রপাতি সরবরাহের নিমিত্তে দৈনিক জনকন্ঠ পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির আলোকে গত ১৫-১০-৯৮ইং তারিখে অত্র দপ্তরে রক্ষিত দরপত্র বাক্সে মোট চারটি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে সানি ট্রেডিং এজেন্সী (প্রাঃ)লিঃ,৩০-৩১,শাহবাগ,ঢাকা কর্তৃক দাখিলকৃত ৪৪,৫৮,৮৩৪/-(চুয়াল্লিশ লক্ষ আটান্ন হাজার আটশত চৌত্রিশ)টাকার সর্বনিম্ন দরপত্র অনুমোদনকরণ ।

গৃহীত সিদ্ধান্তঃ সংশ্লিষ্ট বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। সংশ্লিষ্ট নথিদৃষ্টে দেখা যায় যে, ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের অপারেশন থিয়েটারের যন্ত্রপাতির জন্য প্রণীত দরপত্র সিডিউল যথাযথভাবে তৈরী করা হয় নাই বলিয়া মধুমতি এন্টারপ্রাইজ,২৯৩,উত্তর শাহজাহানপুর ঢাকা-১২১৭ কর্তৃক ১০-১০-৯৮ইং তারিখে অত্র দপ্তরে অভিযোগ করা হইয়াছে। সানি ট্রেডিং এজেন্সী (প্রাঃ)লিঃ কর্তৃক দাখিলকৃত ৪৪,৫৮,৮৩৪/-(চুয়াল্লিশ লক্ষ আটান্ন হাজার আটশত চৌত্রিশ)টাকার সর্বনিম্ন দরপত্রের দর স্বাভাবিকের চাইতে অধিক প্রতীয়মান হওয়ায় এবং প্রনীত দরপত্র সিডিউলে অস্পষ্টতা থাকায় উক্ত দরপত্র বাতিলপূর্বক পুনঃদরপত্র আহবানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল। আরো সিদ্ধান্ত গৃহীত হইল যে,দরপত্র সিডিউলে বর্ণিত যন্ত্রপাতির প্রয়োজনীয়তা/যথার্থতা যাচাইপূর্বক পুনঃদরপত্র সিডিউল প্রণয়নকল্পে নিম্নবর্ণিতভাবে একটি সাব-কমিটি গঠন করা হউক ঃ-

(১) একজন বিশেষজ্ঞ ডাক্তার ।

(২) লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ
সদস্য,ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ।

(৩) চীফ মেডিক্যাল অফিসার
ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল
ঢাকা ক্যান্টনমেন্ট।

চীফ মেডিক্যাল অফিসার উক্ত কমিটির সুপারিশ মোতাবেক যথাযথভাবে দরপত্র সিডিউল পুনঃপ্রণয়নপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য ক্যান্টনমেন্ট বোর্ডে প্রেরণ করিবেন ।

প্রস্তাব নং-৯ঃ শহীদ রমিজ উদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের জন্য বই সরবরাহের নিমিত্তে দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির আলোকে গত ১৫-১০-৯৮ইং তারিখে অত্র দপ্তরে রক্ষিত দরপত্রবাক্সে মোট তিনটি দরপত্র পাওয়া যায়। তিনজন দরপত্রদাতা সিডিউলেবর্ণিত সকল বইয়ের দর প্রদান করেন নাই এবং দরপত্রগুলি এুটিপূর্ণ। উক্ত দরপত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টি সম্পর্কে বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে প্রাপ্ত দরপত্রসমূহ অসম্পূর্ণ বিধায় উহা বাতিলপূর্বক পুনঃদরপত্র আহবানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল ।

প্রস্তাব নং-১০ঃ শহীদ রমিজ উদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের জন্য নয়টি কম্পিউটার সরবরাহের নিমিত্তে দৈনিক মানবজমিন পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির আলোকে গত ২২-১০-৯৮ইং তারিখে অত্র দপ্তরে রক্ষিত দরপত্র বাক্সে মোট সাতটি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে এম এইচ কম্পিউটার্স,১৭৩/২, ডি আই টি এক্সটেনশন রোড,ফকিরাপুল,ঢাকা কর্তৃক দাখিলকৃত ২,৭৩,৩০০/-(দুই লক্ষ তিয়াত্তর হাজার তিনশত)টাকার সর্বনিম্ন দরপত্র অনুমোদনকরণ ।

গৃহীত সিদ্ধান্তঃ সংশ্লিষ্ট বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে শহীদ রমিজ উদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের জন্য নয়টি কম্পিউটার সরবরাহের নিমিত্তে এম এইচ কম্পিউটার্স,১৭৩/২, ডি আই টি এক্সটেনশন রোড,ফকিরাপুল,ঢাকা কর্তৃক দাখিলকৃত ২,৭৩,৩০০/-(দুই লক্ষ তিয়াত্তর হাজার তিনশত)টাকার সর্বনিম্ন দরপত্র সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

প্রস্তাব নং-১১ঃ ক্যান্টনমেন্ট আবাসিক এলাকাস্থিত ৬ নং প্লটের মালিক চারজনের মধ্যে একজন মৃত্যুবরণ করার প্রেক্ষিতে বর্তমান বারজন ওয়ারিশের নামে নামজারী করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে ওয়ারিশগণের আবেদন ও আইন উপদেষ্টার মতামতসহ নথিপত্র উপস্থাপন করা হইল ।

গৃহীত সিদ্ধান্তঃ প্রয়োজনীয় সকল আনুষ্ঠানিকতাসম্পন্ন করিয়া বারজনের নামে নামজারী করার প্রস্তাব অনুমোদিত হইল ।

৪র্থ পৃঃদ্রঃ

...াব নং-১২ঃ ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের অপারেশন থিয়েটার কক্ষে একটি স্টীলের (৫'-০"x ২'-৬"x৩'-২") সাইজের বেসিন স্থাপন করার নিমিত্তে ১৮,৬০০/-(আঠার হাজার ছয়শত) টাকা মূল্যানুমান অনুমোদনকরণ। এ প্রসংগে চীফ মেডিক্যাল অফিসারের ২০-৯-৯৮ইং তারিখের ঢাক্যাবো/সিজিএইচ/প্রশা/১/১৪ নং পত্র উপস্থাপন করা হইল।

...হীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের অপারেশন থিয়েটার কক্ষে একটি স্টীলের (৫'-০"x২'-৬"x৩'-২") সাইজের বেসিন স্থাপন করার নিমিত্তে ১৮,৬০০/-(আঠার হাজার ছয়শত) টাকার মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

...াব নং-১৩ঃ ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের অপারেশন থিয়েটার কক্ষে ০১-৭-৯৮ইং তারিখ হইতে দুইটি ১½ টনী এয়ারকুলার মাসিক ভাড়ার ভিত্তিতে স্থাপন করা হইয়াছে। এই প্রেক্ষিতে গত ০৫-৫-৯৮ইং তারিখে অনুষ্ঠিত ক্যান্টনমেন্ট বোর্ড সভার ৪০ নং সিদ্ধান্ত মোতাবেক মাসিক ১,২০০/-(এক হাজার দুইশত) টাকা ভাড়া প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

...হীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের অপারেশন থিয়েটার কক্ষে দুইটি ১½ টনী এয়ারকুলার মাসিক ১,২০০/-(এক হাজার দুইশত) টাকা ভাড়ায় স্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল। আরো সিদ্ধান্ত গৃহীত হইল যে, ভবিষ্যতে হাসপাতালের অপারেশন থিয়েটার কক্ষে স্থায়ীভাবে দুইটি এয়ারকুলার স্থাপনের ব্যবস্থা নেওয়া হউক।

...াব নং-১৪ঃ ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের তিনটি এয়ারকুলারের নূতন কম্প্রেসার লাগানোর জন্য চীফ মেডিক্যাল অফিসার গত ২৬-১০-৯৮ইং তারিখের ঢাক্যাবো/সিজিএইচ/প্রশা/১/২১ নং পত্রের মাধ্যমে অনুরোধ জানাইয়াছেন। উক্ত তিনটি কম্প্রেসার স্থাপন বাবদ ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা ব্যয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

...ত সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের তিনটি এয়ারকুলারে নূতন কম্প্রেসার স্থাপনের জন্য ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন প্রদান করা হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক।

...ব নং-১৫ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সাধারন কঞ্জারভেন্সী শাখার ঝাড়ুদার মরহুম ইসকান্দর আলী চাকরিরত অবস্থায় বিগত ১০-১-৯৩ইং তারিখে ট্রেন দুর্ঘটনায় আকস্মিকভাবে মৃত্যুবরন করেন। মরহুমের পরিবারের ভরণপোষণের জন্য তদ্বীয় ছেলে কঞ্জারভেন্সী চুক্তিভিত্তিক ঝাড়ুদার জনাব মোঃ শাহাবউদ্দিনকে মানবিক কারণে বোর্ডের সাধারন কঞ্জারভেন্সী শাখায় ঝাড়ুদার পদে আত্তীকরণের ব্যাপারে তাহার ০১-১১-৯৮ইং তারিখের আবেদনপত্র পুনঃবিবেচনার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এই প্রসংগে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২১-১০-৯৮ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/২৬-৬/শা-২/৮৮ নং পত্র উপস্থাপন করা হইল।

সিদ্ধান্তঃ সংশ্লিষ্ট বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে সাধারন কঞ্জারভেন্সী শাখার ঝাড়ুদার মরহুম মোঃ ইসকান্দর আলীর অসহায় পরিবারের সাহায্যার্থে বিষয়টি বিশেষ মানবিক বিবেচনায় মরহুমের ছেলে জনাব মোঃ শাহাবউদ্দিনকে সাধারন কঞ্জারভেন্সী শাখায় আত্তীকরণের নিমিত্তে তদ্বীয় ০১-১১-৯৮ইং তারিখের আবেদনপত্রটি পুনঃবিবেচনার জন্য সুপারিশসহকারে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল।

৫ম পৃঃ দ্রঃ

প্রস্তাব নং-১৬ঃ লিংকন এসোসিয়েটস, ১২০, কুদরত-ই-খোদা রোড, গফুর ম্যানশন, নিউ এ্যালিফ্যান্ট রোড, ঢাকার ১০,০০০/-(দশ হাজার) টাকার আর্নেস্টমানি গত ০৮-১০-৯৮ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার ৮ নং গৃহীত সিদ্ধান্ত বাজেয়াপ্ত করা হয়। উক্ত ফার্ম মানবিককারণে তাহাদের আর্নেস্টমানি ফেরত দেওয়ার জন্য গত ১৭-১০-৯৮ইং তারিখে একখানা আবেদনপত্র পেশ করিয়াছেন। উক্ত আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ সংশ্লিষ্ট বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে দাপ্তরিক বিধি-বিধানের আলোকে লিংকন এসোসিয়েটস, ১২০, কুদরত-ই-খোদা রোড, গফুর ম্যানশন, নিউ এ্যালিফ্যান্ট রোড, ঢাকা এর আবেদনের বিষয়টি বিবেচনা করা গেল না।

প্রস্তাব নং-১৭ঃ জোয়ারসাহারা ডিওএইচএস এলাকায় সোনালী ব্যাংক, সেনা কল্যাণ সংস্থার বিপনীকেন্দ্র ও মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের প্রদর্শনীকেন্দ্র স্থাপনের জন্য নির্ধারিত ০.৩৩৬৬ একর জমি সেনা কল্যাণ সংস্থাকে ৩০ (ত্রিশ) বৎসরের জন্য দীর্ঘ মেয়াদী লীজ দেওয়ার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ জোয়ারসাহারা সামরিক অফিসার আবাসিক প্রকল্পে সোনালী ব্যাংক, সেনা কল্যাণ সংস্থার বিপনীকেন্দ্র ও মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের বিক্রয় ও প্রদর্শনীকেন্দ্র স্থাপনের জন্য নির্ধারিত ০.৩৩৬৬ একর 'সি' শ্রেণীভুক্ত জমি সেনা কল্যাণ সংস্থাকে ৩০(ত্রিশ) বৎসরের জন্য দীর্ঘ মেয়াদী লীজ প্রদানের নিমিত্তে সেনা কল্যাণ সংস্থার গত ০১-১১-৯৮ইং তারিখের এসকেএস/২৯-এফ/৬৬৫৭ নং পত্রটি সভায় বিস্তারিত আলোচনান্তে জোয়ারসাহারা ডিওএইচএস এলাকায় শপিং কমপ্লেক্স নির্মাণের জন্য নির্ধারিত ০.৩৩৬৬ একর 'সি' শ্রেণীভুক্ত জমি বিধি মোতাবেক ক্যান্টনমেন্ট বোর্ডকে প্রিমিয়াম ও খাজনা প্রদান সাপেক্ষে সেনা কল্যাণ সংস্থাকে ৩০(ত্রিশ) বৎসরের জন্য দীর্ঘ মেয়াদী ইজারা দেওয়ার ব্যাপারে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক।

প্রস্তাব নং-১৮ঃ জোয়ারসাহারা ডিওএইচএস এলাকায় মসজিদ নির্মাণের ব্যাপারে ডি ও এইচ এস এসোসিয়েশনের সদস্য-সচিবের ২৫-১০-৯৮ইং তারিখের পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ জোয়ারসাহারা সামরিক অফিসার আবাসিক প্রকল্পে মসজিদ নির্মাণের নিমিত্তে ডিওএইচএস এসোসিয়েশনের সদস্য-সচিবের গত ২৫-১০-৯৮ইং তারিখের পত্রটি সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ডিওএইচএস এর মসজিদ নির্মাণের জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার অনুদান বরাদ্দের আবেদনপত্রটি পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক।

প্রস্তাব নং-১৯ঃ জোয়ারসাহারা ডিওএইচএস এলাকায় শিশু পার্ক নির্মাণের ব্যাপারে ডিওএইচএস এসোসিয়েশনের সদস্য-সচিবের ২৫-১০-৯৮ইং তারিখের পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ জোয়ারসাহারা সামরিক অফিসার আবাসিক প্রকল্পে শিশু পার্ক নির্মাণের নিমিত্তে ডিওএইচএস এসোসিয়েশনের সদস্য-সচিবের গত ২৫-১০-৯৮ইং তারিখের পত্রটি সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ডিওএইচএস এলাকায় শিশু পার্ক আবশ্যক বিধায় শিশু পার্ক নির্মাণের জন্য বিশেষ অনুদান বরাদ্দ করার প্রস্তাব সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

৬ষ্ঠ পৃঃ দ্রঃ

প্রস্তাব নং-২০ঃ জোয়ারসাহারা সামরিক অফিসার আবাসিক প্রকল্পে কমিউনিটি সেন্টার ও ক্লাব নির্মাণের ব্যাপারে ডিওএইচএস এসোসিয়েশনের সদস্য-সচিবের ২৫-১০-৯১ইং তারিখের পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ জোয়ারসাহারা সামরিক অফিসার আবাসিক প্রকল্পে কমিউনিটি সেন্টার ও ক্লাব নির্মাণের নিমিত্তে ডিওএইচএস এসোসিয়েশনের সদস্য-সচিবের গত ২৫-১০-৯৮ইং তারিখের পত্রটি সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হয় যে, বনানী ডিওএইচএস এলাকায় নির্মিত কমিউনিটি সেন্টার ও ক্লাবের ন্যায় জোয়ারসাহারা ডিওএইচএস এলাকায়ও অনুদান বরাদ্দের মাধ্যমে কমিউনিটি সেন্টার ও ক্লাব নির্মাণের প্রস্তাব সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

প্রস্তাব নং-২১ঃ জোয়ারসাহারা ডিওএইচএস এলাকার রাস্তাসমূহ গড়ে ১'-০" উঁচু করার প্রস্তাব হওয়ায় অত্র এলাকার নির্মিতব্য আর সি সি পাইপ ড্রেনের ম্যানহোলসমূহ ১'-০" উঁচু করিতে হইবে এবং বৃষ্টির পানি ম্যানহোলে প্রবেশের জন্য একটি ম্যানহোল অনুর অনুর এ্যাঙ্গেল ও রড দ্বারা ম্যানহোলের ঢাকনা তৈয়ারীর জন্য ১০,২২,৫৯৯/-(দশ লক্ষ বাইশ হাজার পাঁচশত নিরানব্বই)টাকা অতিরিক্ত ব্যয় হইবে। উক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টি বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে জোয়ারসাহারা ডিওএইচএস এলাকায় অধিকাংশ বাড়ী নির্মাণাধীন থাকায় এ্যাঙ্গেল ও রড দ্বারা ম্যানহোলের খোলা ঢাকনা তৈয়ারীর বিষয়টি বিবেচনা করা গেল না । তবে উক্ত এলাকার রাস্তাসমূহ গড়ে ১'-০" উঁচু করার ফলে নির্মিতব্য আর সি সি পাইপ ড্রেনের ম্যানহোলসমূহ গড়ে অতিরিক্ত ১'-০" উঁচু করার নিমিত্তে ৪,৭৯,৫৬৪/-(চার লক্ষ উনআশি হাজার পাঁচশত চৌষট্টি)টাকার মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। এমতাবস্থায়, জোয়ারসাহারা ডিওএইচএস এলাকায় আর সি সি পাইপ ড্রেন নির্মাণকল্পে ইতিপূর্বে অনুমোদিত ৯৫,৯৯,০৪১/-(পঁচানব্বই লক্ষ নিরানব্বই হাজার একচল্লিশ)টাকার মূল্যানুমানের সহিত ৪,৭৯,৫৬৪/-(চার লক্ষ উনআশি হাজার পাঁচশত চৌষট্টি)টাকা যোগ করিয়া সর্বমোট =১,০০,৭৮,৬০৫/-(এক কোটি আটাত্তর লক্ষ ছয়শত পাঁচ)টাকার সংশোধিত মূল্যানুমান চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

প্রস্তাব নং-২২ঃ মহাখালী ডিওএইচএস এলাকার লেইন নং-২৯ মেরামতসহ কার্পেটিংকরণের জন্য ৩,৩৭,০০০/-(তিন লক্ষ সাইত্রিশ হাজার)টাকার সংশোধিত মূল্যানুমান অনুমোদনের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে মহাখালী ডিওএইচএস এলাকার লেইন নং-২৯ মেরামতসহ কার্পেটিংয়ের ৩,৩৭,০০০/-(তিন লক্ষ সাইত্রিশ হাজার) টাকার সংশোধিত মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক। আরো সিদ্ধান্ত গৃহীত হইল যে, উক্ত রাস্তার মেরামতসহ কার্পেটিং কাজের জন্য বর্তমানে নিয়োজিত ঠিকাদার মেসার্স হাবিব এন্ড ব্রাদার্স দ্বারা একই দরে কাজটি সম্পাদন করা হউক ।

৭ম পৃঃ দ্রঃ

প্রস্তাব নং-২৩ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত প্রকল্পের মূল্যানুমান অনুমোদনকরণ ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এম ই এস সিডিউল অব রেইটস ১৯৯৫ অনুযায়ী |
|---|---|---|
| (১) | রজনীগন্ধা সুপার মার্কেট সংলগ্ন স্থানে 'স্বাধীনতা চত্বর' নির্মাণ ও চত্বরের পার্শ্ববর্তী স্থানসমূহের উন্নয়নমূলক কাজ। = | ৭৬,৭৮,৬৫৩/-(ছিয়াত্তর লক্ষ আটাত্তর হাজার ছয়শত তিপান্ন) টাকা। |
| (২) | মহাখালী ডিওএইচএস এলাকার সি এস ডি বিল্ডিংয়ের দোতলার উপর ডিওএইচএস এসোসিয়েশনের অফিস বিল্ডিং নির্মাণ। = | ৭,৮০,৯০০/-(সাত লক্ষ আশি হাজার নয়শত) টাকা। |
| (৩) | মহাখালী ডিওএইচএস এলাকার বিভিন্ন স্থানে ২৩(তেইশ)টি পাকা ডাস্টবিন নির্মাণ। = | ১,৭৫,৭০০/-(এক লক্ষ পঁচাত্তর হাজার সাতশত) টাকা। |
| (৪) | মহাখালী ডিওএইচএস এলাকার প্রধান সড়কের পশ্চিম পার্শ্বের বিমান বন্দর সড়ক হইতে রাওয়া ক্লাব পর্যন্ত রাস্তা প্রশস্তকরণ। = | ১,৩০,০০০/-(এক ত্রিশ হাজার) টাকা |
| (৫) | মহাখালী ডিওএইচএস এলাকার বিভিন্ন রোডে ১৬(ষোল)টি স্পিড ব্রেকার নির্মাণ। = | ৫৯,০০০/-(উনষাট হাজার) টাকা |

গৃহীত সিদ্ধান্তঃ বোর্ড সভায় বিস্তারিত আলোচনান্তে উপরোল্লিখিত ৫(পাঁচ)টি প্রকল্পের মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক।

প্রস্তাব নং-২৪ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত প্রকল্পের সর্বনিম্ন দর অনুমোদনকরণ ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ১৯৯৫ অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর |
|---|---|---|---|---|
| ১। | শহীদ সাত্তার বাজারের সম্মুখের রাস্তা মেরামতসহ কার্পেটিংকরণ। = | ১,৭৩,০০০/-(এক লক্ষ তিয়াত্তর হাজার) টাকা | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ১৯%(উনিশ) উর্ধ্বে |
| ২। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮৪ নং প্লটের(সাবেক বাণিজ্যিক প্লট-২৭ব্রেডওয়ে বিল্ডিং)এর সম্মুখের হার্ডস্ট্যান্ড মেরামতসহ কার্পেটিংকরণ। = | ১,২৮,০০০/-(এক লক্ষ আটাইশ হাজার) টাকা | মেসার্স হক এন্টারপ্রাইজ | ১৭%(সতের) উর্ধ্বে |
| ৩। | শহীদ সরণী এবং রজনীগন্ধা সুপার মার্কেটের ট্রাফিক নিয়ন্ত্রণের জন্য রিকসা এইপথে এবং রিকসা চলাচল নিষেধ ১৬(ষোল)টি সাইন বোর্ড সরবরাহকরণ। = | ১২,৫৪৩/-(বারহাজার পাঁচশত তেতাল্লিশ) টাকা | মেসার্স সাহাবুদ্দিন এন্টারপ্রাইজ | ১৬%(ষোল) উর্ধ্বে |

৮ম পৃঃদ্রঃ

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ১৯৯৫ অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর |
|---|---|---|---|---|
| ৪। | শহীদ সরণীর সুপ্রীম কমান্ড হেডকোয়ার্টার হইতে স্টাফ রোড পর্যন্ত ৪(চার)টি ট্রাফিক পোস্ট মেরামতকরণ । | = ১৪,৫০৬/-(চৌদ্দ হাজার পাঁচশত ছয়)টাকা। | মেসার্স হাবিব এন্ড সন্স কোং | ১৮%(আঠার) উর্দ্ধে |
| ৫। | মহাখালী ডিওএইচএস এলাকার বন্যার পানি নিস্কাশনের জন্য পেট্রোল, বালি ও বস্তা সরবরাহকরণ। | = ২০,৭৯০/-(বিশ হাজার সাতশত নব্বই)টাকা (বাজার দর অনুযায়ী) | মেসার্স দি ইউনিক ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস | ২১,২৯০/-(একুশ হাজার দুইশত নব্বই)টাকা |
| ৬। | রজনীগন্ধা সুপার মার্কেটের স্থানে একটি আধুনিক সুপার মার্কেট নির্মাণের জন্য মাস্টার প্ল্যান প্রণয়নকরণ । | (ক) ডেভেলপমেন্ট ডিজাইন কনসালট্যান্ট লিঃ | ১। সার্ভে, প্ল্যানিং ও ড্রইং ডিজাইন ইত্যাদি মূল্যানুমানের উপর ৩.১০%(তিন দশমিক এক)<br>২। সুপারভিশন মূল্যানুমানের উপর ২.৫০%(দুই দশমিক পাঁচ)<br>৩। মডেল তৈরী =২,৫০,০০০/-(দুই লক্ষ পঞ্চাশ হাজার)টাকা । | |
| | | (খ) ইউনাইটেড কনস্ট্রাকশন ইঞ্জিনিয়ার্স | ১। প্ল্যান, ডিজাইন ও সার্ভে ইত্যাদি থোক-থাম ৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকা | |
| | | (গ) সিভিল ওয়ার্কস কনসালট্যান্ট লিঃ | ১। সাইট সার্ভে=১০,০০০/-(দশ হাজার)টাকা<br>২। ডিজাইন, ড্রইং এবং সয়েলটেস্ট মূল্যানুমানের উপর ০.৫০%(শূন্য দশমিক পাঁচ)<br>৩। টপ সুপারভিশন পারভিজিট =১,০০০/-(এক হাজার )টাকা । | |
| | | (ঘ) ইকোনমিক ডিজাইন কনসালট্যান্টস | ১। সার্ভে, ডিজাইন, ড্রইং ইত্যাদি মূল্যানুমানের উপর ০.৮৬%(শূন্য দশমিক ছিয়াশি)<br>২। ফুল টাইম সুপারভিশন প্রতি মাসে =২১,০০০/-(একুশ হাজার)টাকা ।<br>৩। টপ সুপারভিশন পারভিজিট=৩,৫০০/-(তিন হাজার পাঁচশত)টাকা । | |
| | | (ঙ) ও এম ফাউন্ডেশন এন্ড কনসালটিং ইঞ্জিনিয়ার্স। | ১। মাস্টার প্ল্যান তৈরী মূল্যানুমানের উপর ০.১৯ (শূন্য দশমিক উনিশ)<br>২। সার্ভে, সয়েলটেস্ট ও ড্রইং ডিজাইন মূল্যানুমানের উপর ১%(এক) ।<br>৩। সুপারভিশন মূল্যানুমানের উপর ০.৫০%(শূন্য দশমিক পাঁচ) । | |

৯ম পৃষ্ঠায়ঃ

গৃহীত সিদ্ধান্তঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত প্রকল্পের সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হইল। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, উল্লেখিত ক্রমিক নং-১ হইতে ৫টি কাজের সর্বনিম্ন দর সি এম ই এস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর আলোচনার জন্য সভায় উপস্থাপন করা হয়। সভায় উপস্থিত বোর্ডের কারিগরী সদস্য সি এম ই এস (আর্মি) সভাকে অবহিত করেন যে, বর্তমানে চলমান এম ই এস এর অনুরূপ কাজের দরের সহিত সামঞ্জস্য রাখিয়া বোর্ডের বর্ণিত কাজগুলির সর্বনিম্ন দর নির্ধারণ করা হইয়াছে। বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত কাজসমূহের নিম্নোক্ত সর্বনিম্ন দর সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। বোর্ড সভার অনুমোদিত সর্বনিম্ন দরে সংশ্লিষ্ট ঠিকাদারগণ কাজ করিতে সম্মত থাকিলে তাহাদের নিকট হইতে লিখিত সম্মতিপত্র গ্রহণপূর্বক কার্যাদেশ প্রদান করা হউক ঃ-

(১) ১২% (বার) উর্ধ্ব দর অনুমোদিত

(২) ১২% (বার) উর্ধ্ব দর অনুমোদিত

(৩) ১০%(দশ) উর্ধ্ব দর মূল্যানুমানসহ অনুমোদিত

(৪) ১২% (বার) উর্ধ্ব দর মূল্যানুমানসহ অনুমোদিত

(৫) ২১,২৯০/-(একুশ হাজার দুইশত নব্বই )টাকা অনুমোদিত

(৬) রজনীগন্ধা সুপার মার্কেটের স্থানে একটি আধুনিক সুপার মার্কেট নির্মাণের জন্য মাস্টার প্ল্যান প্রণয়নের ব্যাপারে ৫(পাঁচ)টি কনসালটিং ফার্ম হইতে যে সমস্ত নকশাসমূহ পাওয়া গিয়াছে সেই বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে নকশাসমূহের উপর আরো কারিগরী পরীক্ষা-নিরীক্ষা করিয়া পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল ।

প্রস্তাব নং-২৫ঃ জোয়ারসাহারা ডিওএইচএস এলাকায় ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল নির্মাণ স্থানে পরিত্যক্ত বিল্ডিং থাকায় উক্ত বিল্ডিং ভাঙ্গিয়া অপসারণ ও ভাঙ্গা নির্মাণসামগ্রী জোয়ারসাহারা ডিওএইচএস মসজিদে দান করার ব্যাপারে ডিওএইচএস কমিটির সদস্য-সচিবের ০১-১১-৯৮ ইং তারিখের পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে জোয়ারসাহারা ডিওএইচএস এলাকায় ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল নির্মাণ স্থানে অবস্থিত (স্কুল বিল্ডিংয়ের লে-আউটের মধ্যে) দরজা জানালাবিহীন ৩১'-০"X২১'-০" পরিত্যক্ত বিল্ডিংটি পাবলিক স্কুল নির্মাণের স্বার্থে জরুরী ভিত্তিতে পাবলিক স্কুল নির্মাণকারী ঠিকাদার মেসার্স সন্ধানী বিল্ডার্স দ্বারা ভাঙ্গিয়া ফেলার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল। আরো সিদ্ধান্ত গৃহীত হইল যে, উক্ত পরিত্যক্ত বিল্ডিংটির ভাঙ্গা মালামাল অত্র ডিওএইচএস মসজিদে দান করার জন্য ডিওএইচএস এসোসিয়েশনের সদস্য-সচিবের ০১-১১-৯৮ইং তারিখের আবেদনের প্রেক্ষিতে উক্ত পরিত্যক্ত বিল্ডিং ভাঙ্গার পর প্রাপ্ত রড, ইটা ও রাবিশ জোয়ারসাহারা ডিওএইচএস মসজিদে দান করিতে হইবে ।

প্রস্তাব নং-২৬ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের মাইক্রোবাস মেরামতের নিমিত্তে গত ০২-১১-৯৮ইং তারিখে দরপত্র আহবান করা হইলে চারটি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স সিরাজ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস, খ-৮১, খিলক্ষেত পশ্চিম টানপাড়া, ঢাকা কর্তৃক দাখিলকৃত ৩৯,৪৭৫/-(উনপঞ্চাশ হাজার চারশত পঁচাত্তর)টাকার সর্বনিম্ন দর অনুমোদনের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ সংশ্লিষ্ট বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের মাইক্রোবাস মেরামতের নিমিত্তে মেসার্স সিরাজ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস, খ-৮১, খিলক্ষেত পশ্চিম টানপাড়া, ঢাকা কর্তৃক দাখিলকৃত ৪৯,৪৭৫/-(উনপঞ্চাশ হাজার চারশত পঁচাত্তর)টাকার সর্বনিম্ন দরপত্র সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

প্রস্তাব নং-২৭ঃ বিবিধঃ

(১) আসন্ন সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষে নিম্নলিখিত কাজের সর্বনিম্ন দর অনুমোদনকরণঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মুল্যানুমান এম ই এস সিডিউল অব রেইটস ১৯৯৫ অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর |
|---|---|---|---|---|
| (ক) | শিখা অনির্বানের সামনের গ্রীল, ফুটপাথ, ঈদগাহ মাঠের বাউন্ডারী, শহীদ সাত্তার বাজার, এম ই ও অফিসের বাউন্ডারী, কেন্দ্রীয় মসজিদের ওভারহেড ওয়াটার ট্যাংক, ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল এর বাউন্ডারী ইত্যাদি রংকরণ। | = ৬১,২৫৭/-(একষট্টি হাজার দুইশত সাতান্ন) টাকা | মেসার্স এম এস বিজনেস এন্ড কন্ট্রাক্ট | ১৮%(আঠার) উর্ধ্বে |
| (খ) | শহীদ সরণীর উভয়পার্শ্বে ফুটপাথ, গাছের গোড়া, এয়ার হেডকোয়ার্টারের সামনের পার্ক, এয়ার হাউজের দক্ষিণ পার্শ্বের পার্ক, শাহীন স্কুলের সামনে, আর আই এস এর সামনে, ওয়ার্কশপের সামনে এবং কুর্মিটোলা শাহীন কলেজের সামনের বাসস্ট্যান্ড ইত্যাদি রংকরণ। | = ৮৬,৪০২/-(ছিয়াশি হাজার চারশত দুই) টাকা | মেসার্স সাহাবুদ্দিন এন্টারপ্রাইজ | ১৫%(পনর) উর্ধ্বে |
| (গ) | শহীদ জাহাঙ্গীর গেইটের আইল্যান্ড, মইনুল রোডের আইল্যান্ড, সেনাসদরের সামনের আইল্যান্ড, ট্রাফিক পোস্ট, ডিভাইডার স্টাফ রোডের পার্ক, শহীদ সরণীর সকল সাইন বোর্ড ইত্যাদি রংকরণ এবং লিখা। | = ১,৪৫,৮২৩/-(এক লক্ষ পঁয়তাল্লিশ হাজার আটশত তেইশ) টাকা। | মেসার্স মনির এন্ড কোং | ১৬.৯৫%(ষোল দশমিক পচানব্বই) উর্ধ্বে। |
| (ঘ) | শহীদ সরণীর উভয় পার্শ্বের প্রতিরক্ষা বাতির পোল রংকরণ। | = ৪২,৭০০/-(বিয়াল্লিশ হাজার সাতশত) টাকা। | মেসার্স জুয়েল এন্টারপ্রাইজ | ১৪.৫০%(চৌদ্দ দশমিক পাঁচ) উর্ধ্বে |
| (ঙ) | রোড মার্কিং, পেইন্ট এবং থিনার সরবরাহকরণ(বার্জার) | = ৩,০৩,৬০০/-(তিন লক্ষ তিন হাজার ছয়শত) টাকা (বাজার দর অনুযায়ী) | বার্জার বাংলাদেশ লিঃ | ৩,০৩,৬০০/-(তিন লক্ষ তিন হাজার ছয়শত) টাকা। |
| (চ) | শহীদ সরণীতে মেশিনের সাহায্যে রোড মার্কিং পেইন্ট লাগাইবার লেবার চার্জ। | = ৭৭,১০৬/-(সাতাত্তর হাজার একশত ছয়) টাকা। | মেসার্স মেসবাহ উদ্দিন এসোসিয়েটস লিঃ | ৭৭,১০৬/-(সাতাত্তর হাজার একশত ছয়) টাকা। |

(২) জোয়ারসাহারা ডিওএইচএস এলাকায় নির্মিতব্য 'ক্যান্টনমেন্ট বোর্ড পাবলিক স্কুল' নামকরণের স্থলে 'ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল' পুনঃনামকরণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ প্রসংগে সেনাসদর, কিউ এম জি'র শাখা, এম এন্ড কিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ২০-১০-৯৮ইং তারিখের ৩৯১৭/৪/১/এমকিউ-২ নং পত্র উপস্থাপন করা হইল।

(৩) বাংলাদেশ বিমান বাহিনী ঘাঁটি বাশার, তেজগাঁও এর দ্বিতীয় গেইট হইতে শহীদ সরণীর পূর্ব পার্শ্বের রিকসা পথে ক্যান্টনমেন্ট বোর্ডের সোডিয়াম লাইটের পোলের সাথে জি ই (বিমান) কর্তৃক নিরাপত্তা বাতি স্থাপনের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ প্রসংগে জি ই(বিমান) তেজগাঁও, ঢাকার ০১-১১-৯৮ইং তারিখের ২১৬৫/৮৫/ই-৬ নং পত্র উপস্থাপন করা হইল।

১১তম পৃঃদ্রঃ

(৪) রজনীগন্ধা সুপার মার্কেটের কামারপট্টিতে একটি দোকানের জায়গা বরাদ্দ প্রদানের নিমিত্তে জনাব জহুরুল ইসলাম এর ১৫-১০-৯৮ইং তারিখের আবেদন বিবেচনার ব্যাপারে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ১৮-১০-৯৮ইং তারিখের ৬১৯/৪/এ নং পত্র উপস্থাপন করা হইল।

(৫) রজনীগন্ধা সুপার মার্কেটের টয়লেট সংলগ্ন 'ক্যান্টনমেন্ট থানা মুক্তিযোদ্ধা সংহতি পরিষদ বহুমুখী সমবায় সমিতি লিঃ' এর অফিস ঘর স্থাপনের নিমিত্তে উক্ত সমিতির সাধারন সম্পাদক জনাব ননী গোপাল সরকার এর আবেদনের ব্যাপারে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ২৩-১০-৯৮ইং তারিখের ৭০২/৪/কিউ-৩ নং পত্র উপস্থাপন করা হইল ।

(৬) সংশ্লিষ্ট আর্থিক বৎসরের গৃহকর ডিসেম্বর'৯৮ইং এর মধ্যে পরিশোধ করিলে ১০% রিবেট দেওয়ার বিধান/সিদ্ধান্ত আছে। বন্যাজনিত কারণে বর্তমান আর্থিক বৎসরের ক্ষেত্রে আরও একমাস বর্ধিতকরণ অর্থাৎ জানুয়ারী'৯৯ইং পর্যন্ত সুযোগ দেওয়ার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা ।

(৭) রজনীগন্ধা সুপার মার্কেটস্থ তিনটি টয়লেট ইজারার ১৫-৩-৯৮ইং তারিখের বিজ্ঞপ্তিতে উল্লেখিত সংস্কার বাবদ ব্যয়িত ৮০,৮৬৯/-(আশি হাজার আটশত উনসত্তর) টাকাসহ মেসার্স এ কে এন্টারপ্রাইজের নিকট হইতে সর্বোচ্চ ২,৯০,০০০/-(দুই লক্ষ নব্বই হাজার) টাকার দরপত্র পাওয়া গিয়াছে। তাহার ব্যয়িত উক্ত টাকা ফেরত প্রদান অথবা ইজারা মূল্য হইতে উক্ত টাকা বাদ দিয়া অবশিষ্ট অর্থ গ্রহণের সিদ্ধান্ত প্রদান করা। এতদ্ব্যাপারে ইজারা দর প্রদানকারীর আবেদন উপস্থাপন করা হইল ।

(৮) ঢাকা ক্যান্টনমেন্ট এলাকার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানের ঘাস কাটার নিমিত্তে পেট্রোল চালিত ৫(পাঁচ) হর্স পাওয়ারের একটি ইয়ার্ডম্যান মেশিন ৪০,০০০/-(চল্লিশ হাজার) টাকায় ক্রয়ের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

(৯) রজনীগন্ধা সুপার মার্কেটের 'এ' ব্লকের দোতলায় ইজারা প্রদত্ত তিনটি দোকানের ইজারা বাতিলের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৯-১০-৯৮ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/১৩০-৮/২৯ নং পত্র পেশ করা হইল ।

(১০) মহাখালী ডিওএইচএস এলাকা বন্যায় ডুবিয়া যাওয়ার কারণে বিভিন্ন রোড মেরামত কার্পেটিংকরণের ব্যাপারে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ০৩-১১-৯৮ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/২০৮-৭/শা-৮/৩৩ নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

(১১) শহীদ সরণীর হাজী মহসিন হইতে রজনীগন্ধা এম পি চেক পোস্ট পর্যন্ত রাস্তা মেরামত ও কার্পেটিংকরণের জন্য ৬,৪৮,১০০/-(ছয় লক্ষ আটচল্লিশ হাজার একশত) টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

(১২) ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের পিছনের রাস্তা সিমেন্ট কনক্রিটকরণের জন্য ২,২৭,০০০/-(দুই লক্ষ সাতাইশ হাজার) টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

১২তম পৃঃদ্রঃ

(১৩) মহাখালী ডিওএইচএস এলাকার প্লট নং-বি/১৩২ এর সম্মুখের তিন রাস্তার মোড়ে খালি জায়গার চর্তুদিকে গ্রীল দ্বারা বাউন্ডারী করার নিমিত্তে ১,৫৪,০০০/-(এক চুয়ান্ন হাজার)টাকার মূল্যানুমান অনুমোদনের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহ। এ বিষয়ে সেনাসদর,এজি'র শাখা,পিএ পরিদপ্তরের ১২-১০-৯৮ইং তারিখের পিএফ/৩৪১/বিবিধ নং পত্র উপস্থাপন করা হইল।

(১৪) প্রাক্তন নৌবাহিনী প্রধান রিয়ার এডমিরাল এম মোহাইমিনুল ইসলাম (অবঃ) এর ০৩-১১-৯৮ইং তারিখের পত্রের প্রেক্ষিতে মহাখালী ডিওএইচএস এলাকার লেকের দক্ষিণ পাড়ে লেইন নং-১২ হইতে লেইন -১৮ পর্যন্ত ফুটপাথ নির্মাণের নিমিত্তে ৬,০০,০০০/-(ছয় লক্ষ)টাকার মুল্যানুমান অনুমোদনের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

(১৫) ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রণাধীন শহীদ সাত্তার মার্কেটের ২(দুই) নং দোকান বরাদ্দের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে স্টেশন সদর দপ্তরের ০৪-১১-৯৮ইং তারিখের ৬১১/৪/এ নং পত্র এবং পত্রের সাথে সংযোজিত ৫(পাঁচ)টি আবেদনপত্র সভায় উপস্থাপন করা গেল।

গৃহীত সিদ্ধান্তঃ (১) আসন্ন সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষে উপরোল্লিখিত কাজের সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হইল। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে,উপরোল্লিখিত ক্রমিক নং-'ক' হইতে 'চ' কাজের সর্বনিম্ন দর সি এম ই এস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর আলোচনার জন্য সভায় উপস্থাপন করা হয়। সভায় উপস্থিত বোর্ডের কারিগরী সদস্য সি এম ই এস (আর্মি) সভাকে অবহিত করেন যে,বর্তমানে চলমান অনুরূপ এম ই এস এর কাজের দরের সহিত সামঞ্জস্য রাখিয়া বর্ণিত কাজসমূহের সর্বনিম্ন দর নির্ধারণ করা হইয়াছে। বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত কাজসমূহের নিম্নোক্ত সর্বনিম্ন দর সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। বোর্ড সভার অনুমোদিত সর্বনিম্ন দরে সংশ্লিষ্ট ঠিকাদারগণ কাজ করিতে সম্মত থাকিলে তাহাদের নিকট হইতে লিখিত সম্মতিপত্র গ্রহণপূর্বক সত্বর কার্যাদেশ প্রদান করা হউকঃ-

(ক) ৭%(সাত) উর্ধ্ব দর অনুমোদিত
(খ) ৭%(সাত) উর্ধ্ব দর অনুমোদিত
(গ) ৭%(সাত) উর্ধ্ব দর অনুমোদিত
(ঘ) ৭%(সাত) উর্ধ্ব দর অনুমোদিত
(ঙ) ৩,০৩,৬০০/-(তিন লক্ষ তিন হাজার ছয়শত)টাকা অনুমোদিত
(চ) ৭৭,১০৬/-(সাতাত্তর হাজার একশত ছয়)টাকা অনুমোদিত।

(২) সংশ্লিষ্ট বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। এই বিষয়ে গত ১০-৫-৯৮ইং তারিখের বোর্ড সভার ২১ নং সিদ্ধান্ত আংশিক সংশোধনকল্পে জোয়ারসাহারা ডিওএইচএস এলাকায় নির্মিতব্য স্কুলটি 'ক্যান্টনমেন্ট বোর্ড পাবলিক স্কুল' এর স্থলে 'ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল' হিসাবে নামকরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল। পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্তে বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক।

(৩) বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে ০১-১১-৯৮ইং তারিখের জি ই (বিমান) তেজগাঁও,ঢাকা এর ২১৬৫/৮৫/ই-৬ নং পত্রের প্রেক্ষিতে বাংলাদেশ বিমান বাহিনী ঘাঁটি বাশার,তেজগাঁও হইতে শহীদ জাহাঙ্গীর গেইট পর্যন্ত ক্যান্টনমেন্ট বোর্ডের সোডিয়াম লাইটের পোলের সাথে জি,ই (বিমান) তেজগাঁও কর্তৃক নব-নির্মিত রিকসা পথে নিরাপত্তা বাতি স্থাপনের নিমিত্তে বোর্ডের সম্মতি

১৩তম পৃঃ দ্রঃ

প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল। আরো সিদ্ধান্ত গৃহীত হইল যে,জনস্বার্থে ভবিষ্যতে বোর্ড কর্তৃক উক্ত নিরাপত্তা বাতি মেরামত ও রক্ষণাবেক্ষন করা হইবে। বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরকে অবহিত করা হউক।

(৪) প্রস্তাবিত বিষয়ের উপর বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল।আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের বর্তমান অবকাঠামোর স্থলে নূতন সুপার মার্কেট নির্মাণের পরিকল্পনা প্রক্রিয়াধীন রহিয়াছে বিধায় আবেদনটি বিবেচনা করা গেল না।

(৫) উক্ত মার্কেটের বর্তমান অবকাঠামোর স্থলে নূতন একটি সুপার মার্কেট নির্মাণের পরিকল্পনা বর্তমানে প্রক্রিয়াধীন রহিয়াছে বিধায় বিষয়টি এই মুহূর্তে বিবেচনা করা গেল না।

(৬) বন্যাজনিত কারণে বর্তমান ১৯৯৮-৯৯ আর্থিক সনের গৃহকর ৩১-১২-৯৮ইং এর স্থলে আগামী ৩১-১-৯৯ইং পর্যন্ত ১০% রিবেট প্রদানসহ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল।এই বিষয়ে জাতীয় দৈনিকে বিজ্ঞপ্তি প্রচার করা হউক।

(৭) রজনীগন্ধা সুপার মার্কেটের তিনটি টয়লেট সংস্কার বাবদ মেসার্স এ কে এন্টারপ্রাইজের ব্যয়িত ৮০,৮৬৯/-(আশি হাজার আটশত উনসত্তর)টাকা ইজারা বাবদ প্রাপ্য টাকা হইতে বাদ দিয়া অবশিষ্ট টাকা ইজারাগ্রহীতার নিকট হইতে গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল।

(৮) সংশ্লিষ্ট বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে সেনানিবাস এলাকার গুরুত্বপূর্ণ স্থানের ঘাস কাটার নিমিত্তে আনুমানিক ৪০,০০০/-(চল্লিশ হাজার)টাকা ব্যয়ে ৫(পাঁচ) হর্স পাওয়ার্স বিশিষ্ট আমেরিকার তৈরী একটি ইয়ার্ডম্যান মেশিন ক্রয়ের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক।

(৯) সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের আলোচ্য পত্রটির উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ডের ১০-৩-৯৮ইং তারিখের বোর্ড সভায় ৫৬-বিবিধ (২৪) নং সিদ্ধান্তের আলোকে রজনীগন্ধা সুপার মার্কেটের 'এ' ব্লকের দোতলায় বরাদ্দকৃত ১১০,১১১ ও ১১২ নং দোকানসমূহের বরাদ্দ বাতিল করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল।বরাদ্দলাভকারীদের নিকট হইতে প্রাপ্ত জামানতের অর্থ ফেরত দেওয়া যাইতে পারে।

(১০) মহাখালী ডিওএইচএস এলাকা বন্যায় ডুবিয়া যাওয়ার কারণে রোড নং-২৪,২৫,২৬,২৭,২৮,২৯,৩০,৩১,৩২,৩৩, ২৩ হইতে ২৭ এর সংযোগ,২৭ হইতে ৩২ এর সংযোগ এবং রাওয়া ক্লাব হইতে ২৮ পর্যন্ত প্রধান সড়ক উঁচু করাসহ কার্পেটিংকরণের ব্যাপারে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ০৩-১১-৯৮ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/২০৮-২/শা-৮/৩০ নং পত্র বোর্ড সভায় উপস্থাপন করা হইলে বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় জানা যায় যে,চলতি আর্থিক সালে ঐ এলাকার আয়ের তুলনায় প্রস্তাবিত ব্যয় প্রায় তিনগুণেরও বেশী।ঐ এলাকার যে সমস্ত রাস্তাসমূহ বন্যাজনিত

১৪তম পৃঃদ্রঃ

কারণে বেশী ক্ষতিগ্রস্ত হইয়াছে সেই সমস্ত রাস্তাসমূহ নির্বিঘ্ন জনচলাচলের স্বার্থে জরুরী ভিত্তিতে মেরামতসহ কার্পেটিং করা হউক। বন্যায় ক্ষতিগ্রস্ত নিম্নলিখিত রাস্তাসমূহের শুধুমাত্র মেরামতসহ কার্পেটিংয়ের মূল্যানুমান অনুমোদন করা হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | | মূল্যানুমান এম ই এস সিডিউল অবরেইটস ১৯৯৫ অনুযায়ী |
|---|---|---|---|
| (ক) | মহাখালী ডিওএইচএস এলাকার লেইন নং-৩২ মেরামতসহ কার্পেটিংকরণ । | = | ৪,১৮,৩০০/-টাকা |
| (খ) | মহাখালী ডিওএইচএস এলাকার লেইন নং-৩১ মেরামতসহ কার্পেটিংকরণ। | = | ৪,৮৮,২০০/-" |
| (গ) | মহাখালী ডিওএইচএস এলাকার লেইন নং-৩০ মেরামতসহ কার্পেটিংকরণ । | = | ৪,৮১,০০০/-" |
| (ঘ) | মহাখালী ডিওএইচএস এলাকার রোড নং-২৮ মেরামতসহ কার্পেটিংকরণ । | = | ৩,১২,৪০০/-" |
| (ঙ) | মহাখালী ডিওএইচএস এলাকার রোড নং-২৭ মেরামতসহ কার্পেটিংকরণ । | = | ৩,৪৪,৫০০/-" |
| (চ) | মহাখালী ডিওএইচএস এলাকার রোড নং-২৪, ২৫ ও ২৬ মেরামতসহ কার্পেটিংকরণ । | = | ৩,০৩,৬০০/-" |
| (ছ) | ২৭ হইতে ২৩ এর সংযোগএবং ২২ হইতে ২১ এর সংযোগ সড়ক মেরামতসহ কার্পেটিংকরণ। | = | ৪,৩৭,৮০০/-" |
| (জ) | মহাখালী ডিওএইচএস এলাকার রোড নং-২৮ হইতে ৩১ এর সংযোগ সড়ক পুনঃসলিংকরণ। | = | ৩,২৮,০০০/-" |
| (ঝ) | মহাখালী ডিওএইচএস এলাকার লেইন নং-৩৫ এবং ৩৪ হইতে ৩৫ এর সংযোগ সড়ক পুনঃসলিংকরণ । | = | ১,০৫,০০০/- " |
| | সর্বমোট | = | ৩২,২২,৮০০/- " |

কথায়- ( বত্রিশ লক্ষ বাইশ হাজার আটশত) টাকা ।

(১১) বিষয়টি বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে শহীদ সরণীর হাজী মহসিন হইতে রজনীগন্ধা এম পি চেক পোষ্ট পর্যন্ত রাস্তা মেরামত ও কার্পেটিংকরণের নিমিত্তে ৬,৪৮,১০০/-(ছয় লক্ষ আটচল্লিশ হাজার একশত)টাকার মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

(১২) বিষয়টি বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের পিছনের রাস্তা সিমেন্ট কনক্রিটকরণের ২,২৭,০০০/-(দুই লক্ষ সাতাইশ হাজার)টাকার মূল্যানুমান অনুমোদন করা হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

(১৩) বিষয়টি বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে গ্রীল দ্বারা বাউন্ডারী করার নিমিত্তে ১,৫৪,০০০/-(এক লক্ষ চুয়ান্ন হাজার)টাকার মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

১৫তম পৃঃ দ্রঃ

(১৪) বিষয়টি বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে প্রস্তাবিত এলাকায় জনস্বার্থে ফুটপাথ নির্মাণকল্পে ৬,০০,০০০/-(ছয় লক্ষ)টাকার মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক।

(১৫) স্টেশন সদর দপ্তরের ০৪-১১-৯৮ইং তারিখের ৬১১/৪/এ নং পত্র ও সংযোজিত পাঁচটি আবেদনপত্র এবং উক্ত দোকানটি বন্ধের ব্যাপারে স্টেশন সদর দপ্তরের ১৩-১১-৯৭ইং তারিখের ৬১১/৪/এ নং পত্রটি সভায় উপস্থাপন করা হইল। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে জনাব আব্দুল হামিদ সিকদার, বাসা নং-০৭, উত্তর ইব্রাহিমপুর, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬-কে নিম্নবর্ণিত শর্তে শহীদ সাওার মার্কেটস্থ ২ (দুই) নং দোকানটি বরাদ্দের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল ঃ-

(ক) দোকানটির বরাদ্দ সম্পূর্ণ অস্থায়ী।

(খ) বরাদ্দের মেয়াদকাল বরাদ্দের তারিখ হইতে ১(এক) বৎসর হইবে। তবে শর্ত থাকে যে, ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের সম্প্রসারণ কাজ আরম্ভ হইলে ১৫(পনর) দিনের নোটিশে বরাদ্দকৃত দোকানটি খালি করিয়া দিতে হইবে। সেই সাথে উক্ত মার্কেটের অন্যান্য দোকানের ন্যায় উক্ত দোকানের বিষয়টি বিবেচনা করা হইবে।

(গ) দোকানের মাসিক ভাড়া ৩৫০/-(তিনশত পঞ্চাশ)টাকা।

অদ্যকার সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপনান্তে সভার সমাপ্তি ঘোষিত হইল।

(স্বাক্ষরিত) ৫/১১/৯৮

( শফিক আলম মেহেদী )
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ও
সেক্রেটারী
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

(স্বাক্ষরিত) ৫/১১/৯৮

( কর্ণেল মোহসিন আহমদ চৌধুরী, পিএসসি)
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।